

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৫০.০০৭.১৩-৪৮-৩,

তারিখ : ২১ জুলাই ২০১৬ খ্রিঃ
০৫/৭/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ পূর্বের জমাকৃত সনদপত্রের বিনষ্টকরণ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.০০১.১৩-১১২,

তারিখ : ০১-০৩-২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা ও যুব প্রশিক্ষণ কেন্দ্রের চাহিদা অনুযায়ী ২০১৫-২০১৬ অর্থবছরের সনদপত্র বিতরণ করা হয়েছে। জেলা ও যুব প্রশিক্ষণ কেন্দ্রে পূর্বের জমাকৃত সনদপত্র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে কমিটি গঠনের মাধ্যমে বিনষ্ট করে প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছিল। এ পর্যন্ত ০২টি জেলা (ঝালকাঠী, চাঁদপুর) এবং ০২টি যুব প্রশিক্ষণ কেন্দ্র (রাজশাহী, হবিগঞ্জ) হতে প্রতিবেদন পাওয়া গেছে। অবশিষ্ট জেলা ও যুব প্রশিক্ষণ কেন্দ্রকে জরুরীভিত্তিতে সনদপত্র বিনষ্টকরণ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। এছাড়া প্রধান কার্যালয় হতে প্রেরিত প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক সনদপত্র (বাংলা ও ইংরেজী) ২০১৫-২০১৬ অর্থবছরে ব্যবহারের পর জেলা ও যুব প্রশিক্ষণ কেন্দ্রের উদ্ধৃত সনদপত্রের তথ্যাবলী (সনদপত্রের ক্রমিক নং ও সংখ্যা উল্লেখসহ) প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(ফাতেমা বেগম)

সহকারী পরিচালক(প্রশিক্ষণ)

ফোনঃ ৯৫৫৩২৮৩।

প্রাপক

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,------(সংশ্লিষ্ট) জেলা।
০২। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র------(সংশ্লিষ্ট) জেলা।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-----থানা/উপজেলা------(সকল) জেলা।

অনুলিপি বিতরণঃ

- ০১। পরিচালক------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। সহকারী পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অফিস কপি।